# Times Today BD

ডেস্ক রিপোর্ট | স্বাস্থ্য | 05 July, 2025

ডেঙ্গু আক্রান্ত হয়ে দেশে একদিনে নতুন করে আরও ২৯৪ জন রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন।তবে আশার কথা, এ সময়ের মধ্যে নতুন কোনো মৃত্যুর খবর পাওয়া যায়নি।

শনিবার (৫ জুলাই) সকালে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, গত ২৪ ঘণ্টায় (শুক্রবার সকাল ৮টা থেকে শনিবার সকাল ৮টা পর্যন্ত) নতুন আক্রান্তদের মধ্যে বরিশাল বিভাগে সর্বাধিক ১২৬ জন, চট্টগ্রামে ২৭ জন, ঢাকা বিভাগে (সিটি কর্পোরেশনের বাইরে) ২৩ জন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে ৩১ জন, ঢাকা দক্ষিণ সিটিতে ৪৮ জন এবং রাজশাহী বিভাগে ৩৯ জন রোগী শনাক্ত হয়েছেন।

এছাড়া একই সময়ে দেশের বিভিন্ন হাসপাতালে চিকিৎসা শেষে ছাড়পত্র পেয়েছেন আরও ৩৩৭ জন ডেঙ্গু রোগী।চলতি বছর এখন পর্যন্ত হাসপাতাল থেকে ছাড়পত্র পেয়েছেন ১০ হাজার ৬৭৩ জন।স্বাস্থ্য অধিদপ্তরের হিসাব অনুযায়ী, জানুয়ারি থেকে ৫ জুলাই পর্যন্ত দেশে মোট ১১ হাজার ৯৫৪ জন ডেঙ্গু আক্রান্ত রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন।এ সময়ে ডেঙ্গুজনিত কারণে মৃত্যু হয়েছে ৪৫ জনের।

চলমান বর্ষা মৌসুমে ডেঙ্গুর প্রকোপ বাড়তে পারে বলে আশঙ্কা করছে স্বাস্থ্য বিভাগ।বিশেষজ্ঞরা সচেতনতা বাড়ানো ও মশা নিধনে কার্যকর পদক্ষেপ গ্রহণের ওপর জোর দিয়েছেন।

ডেঙ্গু হাসপাতাল চিকিৎসা সিটি কর্পোরেশন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 10:53

URL: https://timestodaybd.com/public/health/4260775807